দৈনিক ইনকিলাব

৭/৯/২০০৩

তারিখ ...

পৃষ্ঠা ৭ ... কলাম ... ২

## বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের জ্ঞাতব্য

তথ্য বিবরণী : বেসরকারী স্কুল, কলেজ ও মাদ্রাসা এবং কারিগরি বেসরকারী এসএসসি (ভোকেশনাল), এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা) শিক্ষক ও কর্মচারীদের জুন মাসের বেতন-ভাতার সরকারী অংশের টাকা আগামী ১৬ সেপ্টেম্বরের মধ্যে সংশ্লিষ্ট শাখা ব্যাংক হতে শিক্ষক-কর্মচারীদের ব্যক্তিগত ব্যাংক একাউন্ট নম্বরের মাধ্যমে উত্তোলন করার জন্য সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানকে অনুরোধ করা হয়েছে। এ টাকা ইতোমধ্যে অনুদান বন্টনকারী ব্যাংক কর্তৃপক্ষের কাছে হস্তান্তর করা হয়েছে।

কোন সঙ্গত কারণে যেসব শিক্ষা প্রতিষ্ঠান বা শিক্ষক ও কর্মচারী ২০০০-২০০১ অর্থবছরের বকেয়া টাকা নির্ধারিত সময়ের মধ্যে উত্তোলন করতে পারেননি তারাও ব্যক্তিগত ব্যাংক একাউন্টের মাধ্যমে এ সময়ের টাকা এই সাথে উত্তোলন করতে পারবেন।